

সাম্প্রতিক কর্মকান্ড

সাম্প্রতিক অর্জন সমূহঃ

বাংলাদেশের জনসংখ্যার এক বিশাল অংশ নারী। নারী উন্নয়ন জাতীয় উন্নয়নের অন্যতম শর্ত। সম অংশগ্রহণ ও সমঅংশীদারীত্ব নারীর সাংবিধানিক অধিকার। জাতীয় উন্নয়ন, দারিদ্র বিমোচন ও গনতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে নারী পুরুষের সমঅংশীদারীত্ব নিশ্চিত হওয়া জরুরী, দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ, নারীর ক্ষমতায়ন, লিঙ্গ সমতা ও শিশু কল্যাণ, পুষ্টি সম্মত ও নিরাপদ খাদ্যের নিশ্চয়তা, সন্ত্রাস সাম্প্রদায়িকতা, জঞ্জিবাদ ও মাদক নির্মূল, সার্বিক উন্নয়নে নারীদের ডিজিটাল প্রযুক্তির ব্যবহার এবং অটিজম কল্যাণে জাতীয় মহিলা সংস্থা নারীর অর্থনৈতিক উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও অধিকার সংরক্ষণের মাধ্যমে নারী পুরুষের সমতা প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিগত ৩ বছরে খুলনা জেলা/উপজেলা দরিদ্র মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য স্ব-কর্ম সহায়ক ঋন দান কার্যক্রম এর মাধ্যমে ২৫ জন মহিলাকে ক্রম পুঞ্জিতভাবে ২,৮০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। সেলাই ও এমব্রয়ডারী, জেলা মহিলা কম্পিউটার প্রশিক্ষণ, ব্যান্ডিং এন্ড প্যাকেজিং, ক্যাটারিং, বিউটিফিকেশন, ফ্যাশন ডিজাইন, বিজনেস ম্যানেজম্যান্ট, হাউজ কিপিং, বেবী কেয়ার, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজম্যান্ট কোর্স সমূহের প্রশিক্ষণ কার্যক্রম মিলিয়ে ৪৯৭০ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি নারী ও শিশু পাচার প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ কল্পে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২০টি উঠান বৈঠকের মাধ্যমে ২০২৮ জন মহিলাকে সচেতন করা হয়েছে। তথ্য আপা প্রকল্পের মাধ্যমে ২,৩২,৭০০জন মহিলা কে সেবা প্রদান করা হয়েছে।